"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট (মনিটরিং শাখা)
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারকনং-৫৯.১১.০০০০.১৫৭.১৬.১০৪ (অংশ-৪).২২ ১৭৬৯ তারিখ: ২১.০৫.২০২৩

বিষয়: নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সাহান আরা বানু, এনডিসি<br>মহাপরিচালক (গ্রেড-১)<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| স্থান | : | সভা কক্ষ (৬ষ্ঠ তলা) |
| তারিখ | : | ১০.০৫.২০২৩ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

সভাপতি নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অর্থবছরের এ সভাটি ৪র্থ ত্রৈমাসিক সভা হিসেবে অনুষ্ঠিত হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়। | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ইউনিট |
| ১.২ | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিটের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সকল ইউনিট |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১টি সভা এমসিএইচ সার্ভিসেস ইউনিট কর্তৃক নির্ধারিত সময়ে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা পরিকল্পনা ইউনিট কর্তৃক আয়োজন সম্পন্ন করে সভার নোটিশ, হাজিরা ও অংশীজনের মতামতসহ কার্যবিবরণী আগামী ১৫ জুন, ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর করতে হবে। | পরিকল্পনা ইউনিট |
| ১.৪ | প্রশিক্ষণ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ইউনিট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সকল ইউনিটের অকেজো মালামাল বিনষ্টকরণ/ অপসারণ/ নিলামকরণ এবং পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। | উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে এ ত্রৈমাসিকে উপকরণ ও সরবরাহ ইউনিটের অকেজো মালামাল বিনষ্টকরণ/ অপসারণ/ নিলাম এবং পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা জোরদারকরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপকরণ ও সরবরাহ ইউনিট<br>প্রশাসন ইউনিট |
| ১.৬ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ২২-২৩ অর্থবছরে ২ বার ফিডব্যাক প্রদান করা হয়েছে। প্রয়োজনে সমন্বয় সভার সাথে এ সভা আয়োজন সম্পন্ন করা যায়। | প্রশাসন ইউনিট |
| ২.৩ | বাজেট বাস্তবায়ন (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। | সকল অপারেশন্যাল প্ল্যান |
| ২.৪ | প্রকল্পের PIC সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অর্থবছরে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৭টি অপারেশনাল প্ল্যান এর ১৪টি PIC সভা আয়োজনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৭টি অপারেশনাল প্ল্যান এর PIC সভা আয়োজনের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩০ জুনের মধ্যে অর্জনে সচেষ্ট হতে হবে। | সকল অপারেশন্যাল প্ল্যান |
| ৩.২ | পেনশন নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ | পেনশন নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত নির্ধারিত সময়ে এ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন ইউনিট |
| ৩.৩ | জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে যাচাই এবং অডিট আপত্তি নিস্পত্তিকরণে সহযোগীতা প্রদান | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩-এর জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে যাচাই এবং অডিট আপত্তি নিস্পত্তিকরণে সহযোগীতা প্রদান বিষয়ে করা হয়। | জুন ২০ তারিখের মধ্যে নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন করে লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নিরীক্ষা ইউনিট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৪ | মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মস্থলে উপস্থিতি দৈবচনিক ভিত্তিতে মনিটরিং | ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠপর্যায়ের কর্মকর্তাদের কর্মস্থলে উপস্থিতি নিয়মিত মনিটরিং করা হচ্ছে। কর্মস্থলে অনুপস্থিত কর্মকর্তাদের কারণ ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করা এবং তাদের জবাবের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠপর্যায়ের কর্মকর্তাদের কর্মস্থলে উপস্থিতি দৈবচনিক ভিত্তিতে কার্যকরভাবে যাচাই করে এ সংক্রান্ত প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | এফপি-এফএসডি |
| ৪ | বিবিধ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক পণ্যাগারে রক্ষিত ইঞ্জেকটেবলস, ইমপ্ল্যান্ট ও আইইউডি এর ৩০ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে মেয়াদ উত্তীর্ণ বিষয়ে আলোচনা করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক পণ্যাগারে ৩০ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে মেয়াদ উত্তীর্ণ হবে এমন ইঞ্জেকটেবলস, ইমপ্ল্যান্ট ও আইইউডি এর হালনাগাদ তালিকা আগামী ১০জুন, ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপকরণ ও সরবরাহ ইউনিট |
| | | ভূ-গর্ভস্থ গ্যারেজের মেঝে সংস্কার বিষয়ে আলোচনা করা হয়। | যত দ্রুত সম্ভব ভূ-গর্ভস্থ গ্যারেজের বেশ কিছু স্থানে গর্ত হওয়া ফ্লোর সংস্কার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ইউনিট |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে কাজের প্রতি দায়িত্বশীল হওয়ার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খান মোঃ রেজাউল করিম)
মহাপরিচালক এর রুটিন
দায়িত্বে ও
পরিচালক (প্রশাসন)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

বিতরণ:

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)..........................................ইউনিট/প্রোগ্রাম।
২। প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট ( ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩। জনাব.........................................................................................।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।